রাজধানীসহ দেশের শতাধিক হাইস্কুলের কয়েক হাজার শিক্ষকের দু'মাসের বেতন ভাতা বাকী

ইত্তেফাক রিপোর্ট ॥ রাজধানীর ২৪টি সরকারী হাইস্কুলসহ দেশের শতাধিক সরকারী স্কুলের কয়েক হাজার শিক্ষকের গত দুইমাস যাবৎ বেতন-ভাতা বন্ধ রয়েছে। বেতন-ভাতা বন্ধ থাকায় শিক্ষকরা নিদারুণ আর্থিক সংকটের শিকার হয়েছেন। কোন কোন স্কুলের শিক্ষক স্কুলের প্রধান শিক্ষককে জানিয়ে দিয়েছেন, বেতন-ভাতা বন্ধ থাকায় তাদের পক্ষে স্কুলে আসা সম্ভব হচ্ছে না। এ কারণে শিক্ষকদের উপস্থিতি কমে গেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ অভিযোগের সত্যতা স্বীকার করে রাজধানীর দুইটি সরকারী হাইস্কুলের প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকরা জানান, সিংহভাগ সরকারী শিক্ষক থাকেন ভাড়া বাসায়। দুইমাস বাসা ভাড়া পরিশোধ করতে না পারায় অনেকের বাড়ীর মালিক বাসা ছাড়ার নোটিস দিয়েছেন। এহেন অবস্থায় পরিবারের সদস্যদের নিয়ে শিক্ষকরা পড়েছেন বিপদে। প্রতিবছর জুন ও জুলাই মাসে বেতন নিয়ে শিক্ষকরা এই ধরনের সমস্যায় পড়েন। রাজধানীর কোন কোন সরকারী হাইস্কুলের ১৯৯১ সাল থেকে জুন ও জুলাই মাসের বেতন-ভাতা নিয়ে এই ধরনের সমস্যা হয়ে আসছে। কোন কোন স্কুল শুধু জুলাই মাসের বেতন-ভাতা নিয়ে সমস্যায় পড়েন বলে শিক্ষকরা জানান। এ কারণে এই স্কুল স্কুলে ছাত্রছাত্রীদের পাঠদানে সমস্যা হচ্ছে। এই ব্যাপারে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (শিক্ষা মন্ত্রণালয়) মিয়া মোহাম্মদ শহীদ জানান, সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে আর্থিক বরাদ্দপত্র না পাওয়ায় শিক্ষকদের বেতন-ভাতা প্রদানে এডিবি থেকে অনুমোদন দেওয়া সম্ভব হচ্ছে না। এই বিষয়টি সম্পূর্ণ মন্ত্রণালয়ের ব্যাপার এবং এডিবির কিছুই করার নেই বলে তিনি উল্লেখ করেন।

দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ৬

২৫